

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
পরিকল্পনা ইউনিট,  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১০.১১৭.০১৪.০০.০০.১১৩.২০১৩-১১৫

২৪/০৭/২০১৮ খ্রিঃ  
তাং : -----  
০৯/০৪/১৪২৫ বাং


বিষয় : চৌকি আদালতের নতুন ভবন নির্মাণ এবং বিদ্যমান ভবনের পুনঃনির্মাণ / সংস্কার এর জন্য তথ্য প্রেরণ প্রসংগে।

সূত্র: আইন ও বিচার বিভাগের পত্র নং-১০.১১৭.০১৪.০০.০০.১১৩.২০১৩-৩৩১, তারিখ: ০৬/০৮/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যমান চৌকি আদালতসমূহের অধিকাংশই অতি পুরাতন হয়েছে। কিছু কিছু আদালত ভবন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং পুরাতন ও জরাজীর্ণ। এ সকল আদালত ভবনসমূহের অবকাঠামো দুর্বল ও পুরাতন হওয়ায় বিচারিক কার্যক্রম পরিচালনায় বিঘ্ন ঘটছে। আদালত ভবনসমূহে সুষ্ঠু ও নিরাপদ পরিবেশে বিচার কার্যক্রম পরিচালনার লক্ষ্যে অবকাঠামো উন্নয়নের জন্য একটি উন্নয়ন প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এজন্য মাঠ পর্যায়ে থেকে এতদসংক্রান্ত বিষয়ে তথ্য প্রদানের জন্য সূত্র পত্র মারফত অনুরোধ করা হয়েছিল। কোন কোন দপ্তর থেকে এখনো তথ্য পাওয়া যায়নি।

এমতাবস্থায়, চৌকি আদালতের নতুন ভবন নির্মাণ এবং বিদ্যমান ভবনের পুনঃনির্মাণ/সংস্কারের জন্য দেওয়ানী/ম্যাজিস্ট্রেট আদালতের সংযুক্ত ছক অনুযায়ী তথ্য আগামী ০৭(সাত) দিনের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত : ০১ (এক) পাতা।

  
২৪-০৭-২০১৮  
(মোহাম্মদ মেহেদী হাসান)  
সিনিয়র সহকারী প্রধান  
ফোনঃ ৯৫৪০৩৪৭

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

০১। জেলা ও দায়রা জজ, -----।

০২। -----দেওয়ানী/ম্যাজিস্ট্রেট চৌকি আদালত-----।

অনুলিপি :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।  
০২। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

টৌকি আদালতের অবকাঠামো/স্থাপনা নির্মাণ ও বিদ্যমান স্থাপনা পুনঃনির্মাণ/সংস্কার এবং বিচারকের আবাসনের তথ্যবলী।

ক্রমিক নং	টৌকি আদালতের নাম	বিচারকের এবং এজলাসের সংখ্যা	বিদ্যমান অবনের বিবরণ	নতুন ভবন নির্মাণ প্রয়োজন আছে কিনা এবং নিজস্ব জমির পরিমাণ কত ?	টৌকি আদালতে কর্মরত বিচারকের আবাসনের ব্যবস্থা গ্রহণে প্রয়োজনীয়তা রয়েছে কিনা, থাকলে প্রয়োজনীয় ভূমি এবং আবাসনের ধরনের বর্ণনা।	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭

১৫/১১/১৯